DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:58 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুট উৎপাদন, ৫ লাখ টাকা জরিমানা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার নন্দনপুর বাজার এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন ও পচা-নষ্ট খাবার সংরক্ষণের দায়ে নিউ সুরুচী বিস্কুট ফ্যাক্টরিকে ৫ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার(১৯ আগস্ট) জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হোসেন আলীর নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে দেখা যায়, কারখানাটিতে অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে বিস্কুটসহ বিভিন্ন খাদ্যপণ্য উৎপাদন করা হচ্ছিল। উৎপাদিত খাদ্যপণ্যের মোড়কে উৎপাদনের তারিখ উল্লেখ করা হয়নি।

এছাড়া বাজার থেকে ফেরত আসা পচা ও নষ্ট বিস্কুট ও রুটি নতুন উৎপাদিত খাদ্যপণ্যের
এ ধরনের কর্মকাণ্ড জনস্বাস্থ্য ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার জন্য ঝুঁকিপূর্ণ এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ।

পরে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী □নিউ সুরুচী বিস্কুট ফ্যাক্টরি□কে ৫ লাখ টাকা অর্থদণ্ড করা হয়। জরিমানা অনাদায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেওয়া হয়।

এ সময় প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে স্বাস্থ্যসম্মত পরিবেশে খাদ্যপণ্য উৎপাদন, পণ্যের মোড়কে উৎপাদনের তারিখসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ এবং বাজার থেকে ফেরত আসা বা পচনশীল খাদ্যপণ্য নতুন পণ্যের সঙ্গে সংরক্ষণ বা ব্যবহার না করার বিষয়ে কঠোর নির্দেশনা দেওয়া হয়।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ ও...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-osbasthjkr-pribeshe-biskut-utpadn-5-lakh-taka-jrimana